



জেলাপরিষদ কার্যালয়
চাঁদপুর।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.৪২.১৩০০.১০১.০৭.০৩০.২৪. ১৬৮

তারিখঃ ০৭/০২/২০২৪ খ্রিঃ

এককালীন শিক্ষা বৃত্তি প্রদানের বিজ্ঞপ্তি

চাঁদপুর জেলা পরিষদের নিজস্ব তহবিল হতে ২০২৩--২০২৪ অর্থ বছরের নিম্নবর্ণিত শর্তে এককালীন বৃত্তি প্রদানের জন্য জেলা পরিষদের নির্ধারিত ফরমে জেলার দরিদ্র ও মেধাবী ছাত্র-ছাত্রীদের নিকট হতে স্ব-হস্তে পূরণকৃত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

শর্তাবলী

- ১। আবেদনকারীকে অবশ্যই চাঁদপুর জেলার স্থায়ী বাসিন্দা এবং সরকার কর্তৃক অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হতে ২০২৩ সালের এসএসসি/এইচএসসি/সমমান পরীক্ষায় কৃতিত্বের সাথে উত্তীর্ণ হওয়া দেশের বিভিন্ন কলেজ/প্রতিষ্ঠান এবং কারিগরি, মেডিক্যাল কলেজ, কৃষি বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত হতে হবে। এক্ষেত্রে বিজ্ঞান/বাণিজ্য বিভাগে অতিরিক্ত বিষয়সহ সকল বিষয়ে জিপিএ-৫ এবং মানবিক বিভাগে জিপিএ-৫ প্রাপ্ত হতে হবে। মুক্তিযোদ্ধাদের সন্তান ও পোষ্য, প্রতিবন্ধী, এতিম প্রার্থীদের ক্ষেত্রে এসএসসি/এইচএসসি ও সমমান পরীক্ষায় বিজ্ঞান/বাণিজ্য বিভাগে জিপিএ ৪.৮০ এবং মানবিক বিভাগে জিপিএ-৪.৭০ প্রাপ্ত হতে হবে।
- ২। আবেদনপত্র স্ব-হস্তে পূরণ করতে হবে। আবেদনের সাথে ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, মার্কশীট এর সত্যায়িত কপি, অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রত্যয়নপত্র, স্থায়ী বাসিন্দার প্রমাণস্বরূপ সংশ্লিষ্ট পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র দাখিল করতে হবে।
- ৩। বীর মুক্তিযোদ্ধার সন্তান ও পোষ্য প্রার্থীদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীদের স্বপক্ষে গেজেটের কপি/মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় হতে ইস্যুকৃত সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে এবং পৌরসভার মেয়র ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রত্যয়নপত্র লাগবে। প্রতিবন্ধী ও এতিম প্রার্থীদের প্রমাণের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা সমাজসেবা অফিসারের প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।
- ৪। বৃত্তির আবেদন ফরম জেলা পরিষদ কার্যালয়সহ জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে বিনামূল্যে সংগ্রহ করা যাবে। ফরমের ফটোকপিও গ্রহণযোগ্য হবে। এছাড়া জেলা পরিষদের ওয়েবসাইট (zp.chandpur.gov.bd) থেকেও আবেদন ফরম ডাউনলোড করা যাবে।
- ৫। বৃত্তির ফরম সঠিকভাবে পূরণ করে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/বিভাগীয় প্রধানের সুপারিশসহ আগামী ১০/০৩/২০২৪ খ্রিঃ তারিখের (অফিস চলাকালীন সময়) মধ্যে সরাসরি/ডাকযোগে চাঁদপুর জেলা পরিষদ কার্যালয়ে জমা দিতে হবে। নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদন বৃত্তির জন্য বিবেচিত হবে না।
- ৬। আবেদনকারী কর্তৃক কোন ভুল বা মিথ্যা/অসম্পূর্ণ তথ্য উপস্থাপন করা হলে শিক্ষাবৃত্তি বাতিলসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৭। বৃত্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য জেলা পরিষদ, চাঁদপুর কার্যালয়/জেলা পরিষদের ওয়েবসাইট zp.chandpur.gov.bd এবং এ কার্যালয়ের প্রশাসনিক কর্মকর্তার ফোন নম্বর ০১৭১২২১৯৪০৫-এ কল করে জানা যাবে।
- ৮। কর্তৃপক্ষ যে কোনো শর্ত সংযোজন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(মোঃ মনোয়ার হোসেন)

প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)

জেলা পরিষদ, চাঁদপুর।

ফোন নং- ৮৮০-২৩৩৪৪৮৫৪৯৯।

e-mail: zpchandpurzp@gmail.com

স্মারক নং- ৪৬.৪২.১৩০০.১০১.০৭.০৩০.২৪.

তারিখঃ ০৭/০২/২০২৪খ্রিঃ

বিতরণঃ সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো :-

- ১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৪। জেলা প্রশাসক, চাঁদপুর।
- ৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ (সকল)।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, (সকল), চাঁদপুর।
- ৭। জেলা শিক্ষা অফিসার, চাঁদপুর (জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানকে অবহিত করণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৮। সম্পাদক.....(৮ ইঞ্চি X ৩ কলাম) একদিন প্রচার করার জন্য অনুরোধ করা হলো।



জেলা পরিষদ কার্যালয়
চাঁদপুর।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

বরারব
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলাপরিষদ, চাঁদপুর।

ছবি ১ কপি পিপি সাইজ
(সংযুক্ত করতে হবে)

বিষয়ঃ চাঁদপুর জেলা পরিষদের ২০২৩-২০২৪ অর্থ বছরের শিক্ষা বৃত্তির আবেদন।

মহোদয়,

২০২৩-২০২৪ অর্থ বছরে চাঁদপুর জেলা পরিষদ থেকে শিক্ষা বৃত্তি প্রদান করা হবে। চাঁদপুর জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে শিক্ষা বৃত্তি পাওয়ার জন্য নিম্নে আমার বিস্তারিত তথ্য উল্লেখ করছি।

- ১। নাম :.....
- ২। পিতার নাম :.....
- ৩। মাতার নাম :
- ৪। স্থায়ী ঠিকানা :.....
গ্রাম :.....ডাকঘর :.....উপজেলা :.....জেলা :.....
- ৫। যোগাযোগ ঠিকানা (বর্তমান ঠিকানা) :.....
গ্রাম/মহল্লা :.....ডাকঘর :.....উপজেলা :.....জেলা :.....
- ৬। প্রার্থী/অভিভাবকের টেলিফোন/মোবাইল নং.....
- ৭। বর্তমানে অধ্যয়নরত শিক্ষা প্রতিষ্ঠানের নাম :.....
- ৮। পরীক্ষা সংক্রান্ত তথ্যাদি :

ক্রমিক নং	পরীক্ষার নাম	উর্দ্বীণ শিক্ষা প্রতিষ্ঠানের নাম	প্রাপ্ত ফলাফল ও পরীক্ষার সন	বোর্ড/বিশ্ববিদ্যালয়
০১	এসএসসি/সমমান		/২০২৩	
০২	এইচ এস সি/সমমান		/ ২০২৩	

৯। অধ্যয়নরত প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষরসহ সুপারিশ (নাম ও সীলসহ) :.....

১০। মুক্তিযোদ্ধার সন্তান /পোষ্য বা প্রতিবন্ধি,এতিম কিনা : (স্বপক্ষে চাহিত কাগজপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে)।

আমি অঙ্গীকার করছি যে, উপরে প্রদত্ত তথ্যাদি আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য এবং কোন বিষয়ে অসত্য প্রমাণিত হলে প্রাপ্ত বৃত্তির টাকা ফেরত দিতে বাধ্য থাকবো।

বিঃ দ্রঃ-বাছাইয়ের পর যোগ্য আবেদনকারীদের বর্তমান যোগাযোগের ঠিকানায় পত্র প্রেরণ করা হবে এবং মোবাইল নম্বরেও এসএমএস প্রেরণ করা হবে।

তারিখ.....

.....
আবেদনকারীর স্বাক্ষর